দৈনিক ইত্তেফাক

MAR. 1 3 2001

তারিখ ...

পৃষ্ঠা ... কলাম ...

# শিক্ষা মন্ত্রণালয়ের কালো তালিকায় ৪টি প্রকাশনা সংস্থা

**ইত্তেফাক রিপোর্ট ॥** মাধ্যমিক শিক্ষা উন্নয়ন প্রকল্পের আওতায় ১ হাজার ৮৪০টি শিক্ষা প্রতিষ্ঠানে বই সরবরাহের ক্ষেত্রে

(২য় পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

## শিক্ষামন্ত্রণালয়ের

(প্রথম পৃষ্ঠার পর)

অনিয়ম ও দুর্নীতির অভিযোগে ৪টি প্রকাশনা প্রতিষ্ঠানকে শিক্ষা মন্ত্রণালয় হইতে কালো তালিকাভুক্ত করা হইয়াছে। সংস্থাগুলি হইতেছেঃ মেসার্স পরমা, মেসার্স কম্বাইন্ড কনসোর্টিয়াম, প্যারাগন এন্টারপ্রাইজ ও আলীগড় লাইব্রেরী। পাশাপাশি প্রকল্প কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় মামলা দায়ের করা হইয়াছে। গত বছর উক্ত প্রকল্পের আওতায় বই সরবরাহের ক্ষেত্রে ব্যাপক অনিয়ম ও দুর্নীতির অভিযোগ উত্থাপিত হওয়ায় শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেকের নির্দেশে গঠিত একটি তদন্ত কমিটির মতামতের ভিত্তিতে উপরোক্ত ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে। একটি সূত্র জানায়, উক্ত প্রকল্পে দুর্নীতির ক্ষেত্রে ২৯টি অভিযোগ উত্থাপন করিয়া প্রকল্প কর্মকর্তার নিকট ৪ দিনের মধ্যে উহার জবাব চাওয়া হইলেও এক মাস পর শিক্ষামন্ত্রী বরাবরে জবাবপত্র প্রেরণ করা হয়। অভিযোগ ও জবাবের মধ্যে কোন মিল খুঁজিয়া পাওয়া যায় নাই।